

তারিখ : ০৮/০৯/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি (সংশোধিত)
একাদশ শ্রেণিতে ভর্তি (শিক্ষাবর্ষ : ২০২০-২০২১)

২০২০-২১ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এ একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১। গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এ আগামী ১৩/০৯/২০২০ তারিখ হতে ১৭/০৯/২০২০ তারিখ পর্যন্ত বিকাশ-এ ভর্তি ফি জমাদান সাপেক্ষে সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ায় ভর্তি কার্যক্রম চলবে।

২। বিকাশ-এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে। ভর্তি ফি: বিজ্ঞান- ২,২২০/- (দুই হাজার দুইশত বিশ) টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা- ২,১২০/- (দুই হাজার একশত বিশ) টাকা (ভূগোল ব্যতীত) এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা- ২,১৪৫/- (দুই হাজার একশত পঁয়তাল্লিশ) টাকা (ভূগোলসহ)। পাঠ বিরতি ফি ১৫০.০০ (একশত পঞ্চাশ টাকা) প্রযোজ্য ক্ষেত্রে প্রদান করতে হবে।

শাখা	ভর্তি টাকার পরিমাণ	বিকাশ চার্জসহ
ক) বিজ্ঞান	২,২২০.০০	২,২৫০.০০
খ) ব্যবসায় শিক্ষা ও মানবিক (ভূগোলছাড়া)	২,১২০.০০	২,১৪৮.০০
গ) ব্যবসায় শিক্ষা ও মানবিক (ভূগোলসহ)	২,১৪৫.০০	২,১৭৪.০০
ঘ) পাঠ বিরতি ফি	১৫০.০০	১৫২.০০

৩। শুধুমাত্র মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিলপূর্বক বিকাশ-এ টাকা জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা (FQ) কোটায় সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

(ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পিতার এসএসসি'র সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি, (ঙ) মুক্তিযোদ্ধা নানা হলে 'মাতার' জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের মূল ও ফটোকপি, (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি এবং (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি।

৪। ভর্তি ফি জমা দানের পর বিকাশ থেকে মোবাইলে একটি Transaction ID প্রদান করা হবে। পরবর্তীতে গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এর ভর্তি ওয়েব সাইট- এ অনলাইন ভর্তি ফরম পূরণ করার সময় এ Transaction ID প্রদান না করলে পূরণকৃত ভর্তি ফরমটি ডাউনলোড করা যাবে না।


৫। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ১৩/০৯/২০২০ তারিখ হতে ১৭/০৯/২০২০ তারিখ এর মধ্যে গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এর ভর্তি ওয়েব সাইট <http://www.eshiksabd.com/gdc/> এ গিয়ে অনলাইন ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা :

- গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এর ভর্তি ওয়েব সাইট <http://www.eshiksabd.com/gdc/> এ গিয়ে নিম্নোক্ত User Name, Password ও Admission বাটনে ক্লিক করতে হবে-
- User Name: gdcstudent
Password: gdcstudent দিয়ে Sign In করতে হবে।
- Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- Click for New Admission বাটন ক্লিক করতে হবে।
- Select Department এবং Enter SSC Roll (6 Digit) ঘর দুটি পূর্ণ করে Check for Admission বাটন ক্লিক করলে ভর্তি ফরম open হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Submit বাটন ক্লিক করলে প্রক্রিয়াটি সম্পন্ন হবে।


ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে রাখতে হবে। পরবর্তীতে স্বয়ংক্রিয়ভাবে অভিভাবকের মোবাইলে ভর্তির নিশ্চায়নসহ শ্রেণি রোল প্রদান করা হবে। এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

৬। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এর ফটোকপি ০২টি এবং প্রশংসাপত্রের মূল কপি ও এর ফটোকপি ০২ টি জমা দিতে হবে।

৭। গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এ ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ- ড. সুজিত কুমার দে, বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ (মোবাইল- ০১৮২৬০৩২২৭২), মোহাম্মদ শাহজাহান, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ (মোবাইল- ০১৯১৪৯৭৪৬৭৮) এবং গৌতম কুমার ঘোষ, প্রভাষক, ইংরেজি (মোবাইল- ০১৭৭৩৩৩৩২৯৯)।



অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ



আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি (২০২০-২১)
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ